# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে কেউ কথা বললে কান দিয়ে শুনুন

মজলিসে কেউ কথা বললে কান দিয়ে শুনুন। বক্তার সামনে অমনোযোগিতা, চাঞ্চল্য, চাপল্য ও বৈমুখ্য প্রকাশ করবেন না। যা বলা হচ্ছে আপনি তার সবকিছুই জানলে বা বক্তা অপেক্ষা আপনি বেশী জানলে আপনি আপনার ভাবে-ভঙ্গিমায় বা চেহারায় তা প্রকাশ হতে দিবেন না। এমন স্থিরভাবে বসে থাকুন, যেন আপনাকে দেখে মনে হয় যে, আপনার মাথায় পাখি বসে আছে। আল্লাহর রসূল (ﷺ) এর সামনে তাঁর সাহাবাবর্গ এই আদব পালন করতেন।[1]

ফুটনোট

[1]. আহমাদ, আবূ দাঊদ হা/৩৮৫৫, নাসাঈ, হাকেম ১/২০৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=8055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন